
২৮

দৈনিক ইত্তেফাক

তারিখ 2-9 AUG-1998
পৃষ্ঠা ... কলাম ...

এ কজন শিক্ষার্থী ঘরে বসেই দূরশিক্ষণ পদ্ধতির (বাউবি পরিচালিত রেডিও ও টেলিভিশনের শিক্ষাবিষয়ক অনুষ্ঠান) মাধ্যমে তার পড়াশুনা চালিয়ে যেতে পারবেন। প্রোগ্রামের পাঠ্যপুস্তকগুলোও সেভাবে তৈরী করা হয়েছে। ফলে কর্মরত/কর্মজীবী পুরুষ-মহিলারাও (যারা শিক্ষাগত মান বৃদ্ধি করতে চান) এ প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবেন। তা'ছাড়া এ প্রোগ্রাম এমনভাবে পরিচালিত হবে যাতে অকৃতকার্য হবার সম্ভাবনা খুবই কম। নিম্নে বাউবি'র ওপেন স্কুল এইচএসসি প্রোগ্রামে ভর্তির নিয়ম-কানুন আলোচনা করা হলোঃ

❑ বিশ্ববিদ্যালয় বা প্রচলিত শিক্ষাবোর্ড থেকে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাস করেছেন এমন শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে বয়স বা শিক্ষা বিরতি সংক্রান্ত কোন বিধি-নিষেধ থাকবে না।



❑ এইচএসসি প্রোগ্রামের মেয়াদ স্বাভাবিকভাবে দুই বছর। তবে একজন শিক্ষার্থী সর্বোচ্চ পাঁচ বছরের মধ্যে এই প্রোগ্রাম সমাপ্ত করার সুযোগ পাবেন।

❑ বাউবি কর্তৃক নির্ধারিত টিউটোরিয়াল কেন্দ্র সংলগ্ন/নিকটবর্তী সোনালী ব্যাংকের শাখায় ৫০ টাকা জমা দিয়ে ঐ টিউটোরিয়াল কেন্দ্র থেকে ছাত্র নির্দেশিকা ও ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। এবং ৩১শে আগষ্ট '৯৮'র মধ্যে ভর্তি ফরম পূরণ করে ঐ টিউটোরিয়াল কেন্দ্রে জমা দিতে হবে।

❑ এইচএসসি প্রোগ্রামের রয়েছে মোট ১২টি কোর্স। কোর্সগুলোর মধ্যে ১০টি আবশ্যিক এবং ২টি ঐচ্ছিক। বাংলা, ইংরেজী, অর্থনীতি, পৌরনীতি, ইতিহাস/ ইসলামের ইতিহাস এই পাঁচটি আবশ্যিক বিষয়ের প্রত্যেকটির ২টি করে পার্ট রয়েছে। ঐচ্ছিক বিষয় হিসেবে রয়েছে সমাজকল্যাণ/ সামাজিক বিজ্ঞান। উল্লেখ্য, প্রথম পর্যায়ে

## স্যাটেলাইট শিক্ষা

# বাউবির এইচএসসি প্রোগ্রাম

বাউবি'র এইচ এস সি প্রোগ্রাম শুধু মানবিক শাখা নিয়ে শুরু হয়েছে।

❑ এইচএসসি প্রোগ্রামে ভর্তি হলে প্রথম বছরে শিক্ষার্থীকে অবশ্যই বাংলা ১ম পত্র, ইংরেজী ১ম পত্র, অর্থনীতি ১ম পত্র, পৌরনীতি ১ম পত্র এবং ইসলামের ইতিহাস/ ইতিহাস ১ম পত্র এই পাঁচটি কোর্স নিতে হবে। এবং ইচ্ছে করলে একটি ঐচ্ছিক কোর্সসহ মোট ছয়টি কোর্স নিতে পারবেন। প্রথম বছর পর শিক্ষার্থী উক্ত বিষয়গুলোর উপর পরীক্ষা দিতে পারবেন। পরবর্তী বছরে তিনি বাকী কোর্স/ অকৃতকার্য কোর্সের পরীক্ষা দিতে পারবেন। তবে কোন শিক্ষার্থী প্রথম বছরে একটি কোর্সেও পরীক্ষা না দিলে দ্বিতীয় বছরে ভর্তি হতে পারবেন না। প্রথম বছরের জন্য নির্ধারিত কোর্সসমূহের অন্তত তিনটি কোর্সে পরীক্ষা দিলে দ্বিতীয় বছরে ভর্তির অনুমতি পাবেন।

❑ এইচএসসি প্রোগ্রামের ১২টি কোর্সের প্রতিটির জন্য শিক্ষার্থীকে ৩০০ টাকা করে দিতে হবে। এছাড়া পুনরায় ফি বাবদ ৫০ টাকা, সনদপত্র ১৫০ টাকা, সাময়িক সনদপত্র ৬০ টাকা এবং নম্বরপত্র বাবদ ৬০ টাকার প্রয়োজন হবে। উল্লেখ্য, শিক্ষার্থীকে কোন মাসিক বেতন বা 'ফি' প্রদান করতে হবে না। প্রতিটি বিষয়ের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। পাঠ্যপুস্তকগুলোর ভাষা সহজ ও সাবলীল এবং এগুলো এমনভাবে রচিত যা বিষয়বস্তু উপস্থাপন ছাড়াও শিক্ষকের ভূমিকা পালন করে।

❑ মুকুল শাহরিয়ার